৬।ক) 'বুদ্ধিমান উকিলের আর দক্ষিণা পাওয়া হলো না।' -- বুদ্ধিমান হওয়া সত্ত্বেও উকিলের আর দক্ষিণা পাওয়া হল না কেন?

উঃ- সুকুমার রায়ের লেখা 'উকিলের বুদ্ধি' গল্পে মহাজন চাষাকে জেল খাটাতে চেয়েছিল। চাষাকে জেলের হাত থেকে বাঁচাবার জন্য উকিল বাবু তাকে আদালতের কাঠগড়ায় দাঁড়িয়ে পাঁঠার বুলি ব্যা বলতে শিখিয়েছিল। যাতে করে তাকে পাগল বলে প্রতিপন্ন করা যায়। উকিলের এই বুদ্ধির বলে চাষা আদালত থেকে মুক্তি পেয়ে যায়। চাষা সেই বুদ্ধি শিখে নিয়ে সবাইকে যেমন ঠকিয়েছিল তেমনি বুদ্ধিমান উকিলকেও তার দক্ষিণা দিতে নারাজ হল। এইভাবে বুদ্ধিমান হওয়া সত্ত্বেও উকিলের আর দক্ষিণা পাওয়া হল না।